

বাংলায় তরুণদের জন্য শিক্ষা বিষয়ক ৫ অ্যাপ

আনোয়ার হোসেন

মা-বাবাসহ অনেকেরই ধারণা মোবাইল কথা বলার যন্ত্র। এর বাইরে মোবাইল দিয়ে যা করা যায়, তা হচ্ছে বিনোদন। মানে গান শোনা, মুভি দেখা, গেম খেলা, আর ফেসবুকসহ বিভিন্ন সোশ্যাল মিডিয়া সাইট ব্রাউজ করা। কিন্তু মোবাইল দিয়ে এসবের বাইরেও অনেক কাজ করা যেতে পারে। যেগুলোর অন্যতম পড়াশোনা। বিভিন্ন অ্যাপের সাহায্যে একজন ছাত্র বা চাকরিপ্রার্থী নিজেকে প্রস্তুত করে নিতে বা ঝালিয়ে নিতে পারেন। মোবাইল ডিভাইস সম্পর্কে অনেকের ধারণা পরিবর্তন করে দিতে বাজারে পাওয়া যায় হাজারো শিক্ষা-বিষয়ক অ্যাপ। বাংলাদেশী অ্যাপ ডেভেলপারেরাও বসে নেই। ব্যাংকে চাকরি, বিসিএস বা বিভিন্ন শ্রেণীর পড়াশোনার জন্য অনেক বাংলাদেশী অ্যাপ রয়েছে। এ লেখায় কয়েকটি বাংলাদেশী শিক্ষা-বিষয়ক অ্যাপ সম্পর্কে জানব।

০১. জেনারেল নলেজ বাংলা

বাংলায় শিক্ষামূলক অ্যাপ জেনারেল নলেজ বাংলা। যারা বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বিভিন্ন ব্যাংকের নিয়োগ



অ্যাপ বিসিএস পরীক্ষার প্রস্তুতি। এই অ্যাপে রয়েছে প্রচুর বিসিএস পরীক্ষার নমুনা প্রশ্ন এবং তাদের উত্তর। এই অ্যাপে বিসিএস ছাড়াও রয়েছে ব্যাংক জব ও অন্যান্য চাকরি পাওয়ার

পরীক্ষার নমুনা প্রশ্নপত্র এবং উত্তর। এর বিষয়গুলো বিভিন্ন ভাগে ভাগ করা। যেমন-সাধারণ জ্ঞান, বাংলাদেশ, বাংলা, ইংরেজি, বিজ্ঞান, আন্তর্জাতিক বিষয় ইত্যাদি। এতে আছে একশ'র ওপর মডেল টেস্ট। এই অ্যাপ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে আগ্রহীদেরও উপকারে আসবে।

০৩. শর্ট টেকনিক ফর জব এক্সাম

যদিও সাফল্য লাভের শর্টকাট বলে কিছু নেই। তথাপি মনে রাখার কিছু শর্ট টেকনিক নিয়ে এই অ্যাপটি বানানো হয়েছে। উৎসাহী ব্যবহারকারীরা এটি ব্যবহার করে লাভবান হতে পারেন। এই অ্যাপে বিভিন্ন পরীক্ষা, যেমন-



বিসিএস, ব্যাংক জব, সরকারি চাকরি ইত্যাদির জন্য শর্ট টেকনিক রয়েছে। এসব পরীক্ষার যেসব বিষয়ের ওপর শর্ট টেকনিক আছে, সেগুলো হলো সাধারণ জ্ঞান, গণিত, বিজ্ঞান, বিসিএস প্রস্তুতির জন্য বিভিন্ন দেশ ইত্যাদি।

অ্যাপে যেসব ক্যাটাগরি আছে-ত্রিকোণমিতি, বিজ্ঞান, গতিবেগ, গণিত শর্টকাট, সুদক্ষতা, জাতীয় প্রতীক, রবীন্দ্রনাথ ও দেশ।

০৪. বাংলা ইন্টারভিউ টিপস



পরীক্ষার প্রস্তুতি তো অনেক হলো। এখন সময় ভাইভা বোর্ডের মুখোমুখি হওয়ার। আসুন তাহলে ভাইভার জন্য

প্রস্তুতি নেয়া যাক। যেহেতু চাকরির তুলনায় আমাদের দেশে শূন্যস্থান খুবই কম, তাই প্রতিযোগিতার মাত্রা অনেক বেশি। তাই একজন চাকরি-প্রত্যাশীকে অবশ্যই অনেকের চেয়ে নিজেকে এগিয়ে রাখতে হবে। তার জন্য তাকে সঠিক কৌশল এবং পদ্ধতি অবলম্বন করতে হবে। সম্পূর্ণ বাংলায় লেখা এই অ্যাপ চাকরি-প্রত্যাশীদেরকে ইন্টারভিউর বিভিন্ন টিপ সম্পর্কে জানাবে।

০৫. বাংলা পকেট ডিকশনারি (ইংরেজি থেকে বাংলা)

বাংলা ডিকশনারি (Bangla Dictionary for Finding English To Bengali Words Meaning) অ্যাপটি মূলত যারা নতুন নতুন প্রয়োজনীয় ইংরেজি শব্দের অর্থ জানতে চান বা ক্লাসে অথবা কাজের ফাঁকে অথবা অফিসের প্রয়োজনে যেকোনো ইংরেজি শব্দের মানে খোঁজেন, তাদের জন্যই।

এই ডিকশনারিতে যা যা পাওয়া যাবে

* ইংরেজি A থেকে শুরু করে Z পর্যন্ত বর্ণকে টার্গেট করে ইংরেজি থেকে বাংলা শব্দ অর্থসমূহ সাজানো।

* সার্চ অপশন ব্যবহার করে আপনার কাঙ্ক্ষিত ইংরেজি শব্দের বাংলা খুঁজে নিতে পারবেন।

* কেউ যদি সার্চ করে শব্দার্থ বের না করে; স্ক্রল করে করে প্রতিটি ওয়ার্ড মুখস্থ করতে চান; এই অ্যাপে সে ব্যবস্থাও রয়েছে।

* ডিকশনারির A থেকে শুরু করে Z চ্যাপ্টারের মধ্যে যদি কোনো শব্দ খুঁজে না পান; তবে Others নামে আরেকটি ট্যাব আছে হোমস্ক্রিনের নিচের দিকে; সেখানে খুঁজলে পাওয়া যাবে সে শব্দ। ডেভেলপারেরা আশা করছে, বাংলা ভাষায় বহুল ব্যবহৃত প্রায় সব শব্দই এই অ্যাপ থেকে পাওয়া যাবে।

এসব অ্যাপের বাইরেও আছে শিক্ষা-বিষয়ক হাজারো অ্যাপ। বাংলায় বানানো এসব অ্যাপ শিক্ষার্থীদের বা চাকরিপ্রার্থীদের সঠিকভাবে প্রস্তুতি নিতে সাহায্য করে। আর কোনো উৎসাহী ব্যবহারকারী যদি বাংলাভাষা ছাড়া অন্যান্য শিক্ষা-বিষয়ক অ্যাপ খুঁজে থাকেন, তবে তিনি অ্যাপের সাগরে ভাসতে থাকবেন। সেসব অ্যাপ নিয়ে আমরা পরবর্তী কোনো এক লেখায় জানব।

